১৭৩


ভোরের কাগজ

তারিখ JAN. 1 1999
পৃষ্ঠা: ১২ কলাম: ২


## ছাত্রদের আন্দোলনের কারণে আইসিএমএ কর্তৃপক্ষ প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করেছে

কাগজ প্রতিবেদক : ছাত্র বেতনসহ বিভিন্ন ফি বৃদ্ধির প্রতিবাদে ছাত্রদের আন্দোলনের কারণে রাজধানীর ইনস্টিটিউট অফ কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টস অফ বাংলাদেশ (আইসিএমএবি) কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করে ইনস্টিটিউট ভবনে তালা ঝুলিয়ে দিয়েছে।

ছাত্ররা জানায়, দীর্ঘ আন্দোলনের পর গত বুধবার কর্তৃপক্ষ ছাত্রদের দাবি মেনে নেয় এবং এই ব্যাপারে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। কিন্তু গতকাল বৃহস্পতিবার ছাত্ররা ইনস্টিটিউটে উপস্থিত হলে সেখানে তালা এবং দরজায় অনির্দিষ্টকালের জন্য ইনস্টিটিউট বন্ধের নোটিশ দেখতে পায়।